website: www.bb.org.bd

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৩৪

১০ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ
তারিখ ঃ ------------------------
২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
ঢাকা/রাজশাহী।

প্রিয় মহোদয়,

**Guidelines on Risk Based Capital Adequacy (RBCA)**
**অনুযায়ী মার্কেট ডিসক্লোজার (পিলার-৩) দাখিল প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৪ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত গাইডলাইন্স এর ১০.৪নং অনুচ্ছেদ অনুযায়ী তফসিলি ব্যাংকগুলোকে তাদের মার্কেট ডিসক্লোজার সংক্রান্ত তথ্যাদি ৩১ মার্চের মধ্যে (যে সকল ব্যাংকগুলোর বার্ষিক বিবরণী ৩০ জুন মেয়াদে সম্পন্ন হয় সেসকল ব্যাংকগুলো ব্যতীত) দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, মার্কেট ডিসক্লোজার বিবরণী সংক্রান্ত কার্যাদি যথাসময়ে নিস্পন্ন করার সুবিধার্থে তফসিলি ব্যাংকগুলোকে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪০ ধারা মোতাবেক অনুমোদিত সময়সীমা অনুযায়ী নিরীক্ষিত আর্থিক বিবরণী সম্পন্ন হবার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে তাদের মার্কেট ডিসক্লোজার সংক্রান্ত গুণগত ও পরিমাণগত তথ্যাদি দাখিল/উন্মোচন করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(শবরী ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন নংঃ ৯৫৩০২০৭।